

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরগুনা
food.barguna.gov.bd

নম্বর- ১৩.০১.০৪০০.০০৮.৪৫.০০২.২২.

তারিখ: ১৪/১২/২০২১ খ্রি.

বরাদ্দ আদেশ (সিদ্ধ চাল)

অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এবং খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের ১৪/১১/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.২৪৭ নং স্মারক মোতাবেক এই কার্যালয়ের সাথে সম্পাদিত চুক্তিপত্রের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট মিলারের আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত চালকল সমূহের অনুকূলে ৫নং কলামে উল্লিখিত পরিমাণ আমন সিদ্ধ/২২-২৩ চাল সরকারি বিনির্দেশ মোতাবেক ৮ নং কলামে বর্ণিত সময়ের মধ্যে নির্ধারিত এলএসডিতে সরবরাহের জন্য বরাদ্দ প্রদান করা হলো।

ক্র. নং	মিলের নাম	মিল মালিরে নাম	ঠিকানা	পক্ষিক অনুযায়ী বরাদ্দের পরিমাণ (মে. টন)	সরবরাহকৃত এলএসডির নাম	জামানত কৃত বস্তার পরিমাণ (৩০ কেজি)	চাল সরবরাহের সময়সীমা
১।	মেসার্স লাল মিয়া রাইস রাইস এন্ড ফ্লাওয়ার মিল	মো: নেহার উদ্দিন	গ্রাম শফিপুর, বামনা, বরগুনা	২৮.৫৫২	বামনা এলএসডি	৯৫২ পিস	২৯/১২/২০২২
২।	মেসার্স হাওলাদার রাইস মিল	মো: জয়নাল আবেদীন	গ্রাম শফিপুর, বামনা, বরগুনা।	২৮.৫৫২		৯৫২ পিস	২৯/১২/২০২২
সর্বমোট =				৫৭.১০৪			

শর্তাবলী :

- চুক্তিবদ্ধ মিলার চলতি আমন/২০২২-২৩ মৌসুমের উৎপাদিত ধান ক্রয় করে তার মিলে ছাঁটাই করত: কালার সর্টার প্রযুক্তি ব্যবহার করে বিনির্দেশ মানের চাল প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে সংযুক্ত এলএসডিতে সরবরাহ করবেন।
- এলএসডি ও জেলার নামসহ আমন/২০২২-২৩ স্পষ্টভাবে লেখা ডিজিটাল স্টেনসিল দেয়া বস্তা মিলারগণ গুদাম হতে সরবরাহ নিয়ে নিজ মিলে উৎপাদিত বিনির্দেশ মানের চাল বস্তা ভর্তি করে বস্তার মুখ মেশিনে সেলাই করত: বস্তা যে পিঠে খাদ্য অধিদপ্তরের স্টেনসিল রয়েছে তার অপর পিঠের নিচের দিকে সংশ্লিষ্ট মিলের নাম ও ঠিকানা সম্বলিত স্টেনসিলের ছাপ সুস্পষ্টভাবে প্রদান করবেন (ডিজিটাল কোডের অক্ষরে আকার হবে কমপক্ষে ২ (দুই) ইঞ্চি)।
- এলএসডি এর ক্ষেত্রে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক প্রত্যয়নকারী কর্মকর্তা নিয়োগ করবেন। প্রত্যয়নকারী কর্মকর্তার চুক্তিবদ্ধ মিল প্রাঙ্গনে চলতি মৌসুমের ধান হতে চাল উৎপাদন প্রক্রিয়া পরিদর্শন করে মিলের উৎপাদিত চাল দৃশ্যত বিনির্দেশ সম্মত মর্মে প্রত্যয়ন দিবেন। ক্রয় কর্মকর্তা উক্ত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে আনিত চাল বিনির্দেশের মধ্যে আছে মর্মে নিশ্চিত হয়ে গুদামে গ্রহণ করবেন এবং সকল রেকর্ডপত্র যথা এলইউএ, খামাল কার্ড, সংগ্রহ রেজিস্টার, গুদাম লেজার ইত্যাদি লিপিবদ্ধ করার পর সংশ্লিষ্ট মিল মালিকের অনুকূলে একাউন্ট পেয়িং ডব্লিউকিউএসসি ইস্যু করবেন এবং উহার ২য় ও ৩য় কপি বাহক মারফত সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণ করবেন।
- ক্রয় কেন্দ্রে আনিত চাল দৃশ্যত বিনির্দেশ বহির্ভূত হলে ক্রয় কেন্দ্রের ক্রয় কর্মকর্তা নমুনা সংরক্ষণ করবেন এবং একটি রেজিস্টারে লিপিবদ্ধ করে উক্ত চাল ফেরত দিবেন। কোন মিলের চাল একাধিক বার বিনির্দেশ বহির্ভূত হিসেবে ফেরত দিলে নমুনা সংরক্ষণ করত: সম্পাদিত চুক্তি ও বরাদ্দ বাতিলের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর সুপারিশ প্রেরণ করবেন।
- ক্রয়কারী কর্মকর্তা অটোমেটিক ও হাফিং চালকল থেকে গৃহীত চাল আলাদা খামালে সংরক্ষণ করবেন। সংগৃহিত চালের মধ্যে পরবর্তীতে বিনির্দেশ বহির্ভূত চাল পাওয়া গেলে সংশ্লিষ্ট ক্রয়কারী/মূল্য পরিশোধকারী কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা ও সংশ্লিষ্ট মিলকে কালো তালিকাভুক্ত করাসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মূল্য পরিশোধকারী কর্মকর্তা সংগৃহীত চালের বাস্তব মজুদ যাচাই ও মান পরীক্ষা করে এবং সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র লিপিবদ্ধ করা হয়েছে মর্মে নিশ্চিত হয়ে কেবল ১ম কপি ডব্লিউকিউএসডিতে মূল্য পরিশোধের আদেশ দিবেন, মূল্য পরিশোধের পরবর্তী কর্মদিবসে ব্যাংক স্কলের সাথে ডব্লিউকিউএসসি যাচাই করবেন এবং সাপ্তাহিক ভিত্তিতে বিবরণী তৈরী করে নিম্নস্বাক্ষকারীর দপ্তরে প্রেরণ করবেন।
- মিল মালিক নিজে সংযুক্ত এলএসডিতে চাল সরবরাহ করবেন। অনিবার্য কারণ বশত: মিল মালিক নিজে আসতে না পারলে জেলা খাদ্য নিয়ন্ত্রকের অনুমতিক্রমে প্রতিনিধির মাধ্যমে চাল সরবরাহ ও ডব্লিউসিউএসসি নিতে পারবেন।
- সংগ্রহ বিষয়ে পরবর্তীতে কোন সরকারি নির্দেশনা পাওয়া গেলে মিলার/মিলাদের অবশ্যই মেনে চলতে হবে।

স্বা/-

(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
বরগুনা

নম্বর- ১৩.০১.০৪০০.০০৮.৪৫.০০২.২২. ৬২৪৩ (৬২)

তারিখ: ১৪/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, বরগুনা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বামনা, বরগুনা। আদেশ পালনার্থে।
- ৬। ব্যবস্থাপক, সোনালী/অগ্রণী/জনাতা/কৃষি ব্যাংক বামনা শাখা।
- ৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বামনা, বরগুনা।
- ৮। কারিগরী খাদ্য পরিদর্শক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরগুনা। আদেশ পালনার্থে।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বামনা, এলএসডি। আদেশ পালনার্থে।
- ১০। মেসার্স লাল মিয়া রাইস এন্ড ফ্লাওয়ার মিল, প্রো: মো: নেহার উদ্দিন, শফিপুর, বামনা, বরগুনা। দেশ পালনার্থে।
- ১১। মেসার্স হাওলাদার রাইস এন্ড ফ্লাওয়ার মিল, প্রো: মো: জয়নাল আবেদীন, শফিপুর, বামনা, বরগুনা। দেশ পালনার্থে।
- ১২। অফিস কপি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
বরগুনা।